দৈনিক সংবাদ

তারিখ 10 OCT 1993
পৃষ্ঠা ১ কলাম ২

৭৩

# আজ থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ রোববার থেকে আগামী মঙ্গলবার পর্যন্ত তিনদিন সারাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কর্মবিরতি পালন করবেন। তবে পরীক্ষাসমূহ এ কর্মসূচীর আওতা বহির্ভূত থাকবে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন এ কর্মসূচী আহ্বান করেছে। গত ৫ই জুলাই ইসলামী বিশ্ববিদ্যালয়ে এবং ২৯শে জুলাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ওপর হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে এ কর্মবিরতি পালন করা হবে। তবে পরিস্থিতির ইতিবাচক পরিবর্তন ঘটায় ১২ই অক্টোবর প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে শিক্ষকদের অবস্থান

শিক্ষক ঃ পৃঃ ২ কঃ ৮

## শিক্ষক ঃ কর্মবিরতি আজ

(১ম পৃষ্ঠার পর)

ধর্মঘটের কর্মসূচী স্থগিত করা হয়েছে। গত শুক্রবার ফেডারেশনের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

আগামীকাল সোমবার থেকে বুধবার পর্যন্ত তিনদিন সারাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের অফিসাররা কর্মবিরতি পালন করবেন। ডাউন গ্রেডেড বেতন কাঠামো সংশোধন এবং সিনেট, সিন্ডিকেটসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অর্থরিটিতে অফিসারদের প্রতিনিধি নিয়োগের দাবিতে বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশন এ কর্মসূচী আহ্বান করেছে।